

তারিখ ... ..

পৃষ্ঠা ... ..

**ফলোআপ এ ময়মনসিংহ**

**৩/৪ হাজার ছাত্রছাত্রীর নামে  
মামলা, বিচার বিভাগীয়  
তদন্ত কমিশন দাবি**

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন নিয়ে সৃষ্ট ঘটনার পরিহিতি এখনো শান্ত হয়নি। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার নিরসন হয়নি বরং আরো ফোড বেড়েছে। ফলে কোন ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। গত মঙ্গলবারের

ঘটনাকে কেন্দ্র করে ৩/৪ হাজার অজ্ঞাতপরিচয় ছাত্রছাত্রী আসামি করে পুলিশ বাদি হয়ে ময়মনসিংহ কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করেছে। পুলিশ ইতোমধ্যে ময়মনসিংহ শহর থেকে সন্দেহজনক ৯ জনকে গ্রেফতার করেছে। গত বৃহস্পতিবার সন্ধ্যায় ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদের উদ্যোগে ময়মনসিংহ থ্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে ১৪ ও ১৫ই জানুয়ারির প্রকৃত ঘটনা উদঘাটন ও জনসমক্ষে প্রকাশের জন্য বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করার জন্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে। সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, বিভাগিটা ছড়াল কে? যথাযথ মূল্য বলতে সরকার কাকে বুঝিয়েছেন? ১৪ই জানুয়ারি সরকার নিয়ন্ত্রিত মিডিয়া থেকে সংবাদ প্রচার করা হয়। ১৫ই জানুয়ারি সে ব্যাপারে কোন ব্যাখ্যা প্রদান না করে উলটো খবর প্রচার করে জনমনে বিভ্রান্তি

**পরীক্ষা : কেন্দ্র**

( ১২-এর পৃষ্ঠার পর )

গোলাম ফারুক: ছাত্রশীপ কলেজ শাখার একজন নেতা। এ ব্যাপারে আলাপ করলে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন বিষয়টির সত্যতা স্বীকার করেন। ওই পরীক্ষার্থীকে একা পরীক্ষা দেয়ার সুযোগে জন্য কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে কি না জানতে চাইলে তিনি বলেন, 'অবৈধভাবে একাকী পরীক্ষাদানেরত ছাত্রটিকে ধরার সময় শিক্ষকরা কেউই এগিয়ে আসেননি। বিষয়টি আমাকে অবাক করেছে।' তিনি বলেন, 'অবশ্যই এই অবৈধ সুযোগদানের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

বাংলাবাজার পরিদর্শন : বাংলাবাজারে বইয়ের দোকান পরিদর্শনের ব্যাপারে প্রতিমন্ত্রী বলেন, 'বাংলাবাজার ঘুরে দেখেছি নতুন বছরের বইয়ের কোন সম্ভট নেই। তবে মফস্বলের ক্ষুদ্র বই বিক্রেতারার বল চাহিদাসম্পন্ন ঐচ্ছিক বই কিনতে অন্যগ্রহী হওয়ায় কিছুটা সমস্যা হচ্ছে। বই পেতে কোন সমস্যা নেই।' বাজারে প্রচুর অবৈধ গাইড ও নোটবইয়ের ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, 'বিষয়টি সত্য। এ ব্যাপারে আমি সর্গস্ট প্রশাসনকে গাইড বই বিক্রি বন্ধ করার ব্যাপারে কঠোর পদক্ষেপ নিতে বলেছি।' তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। বাংলাবাজার পরিদর্শনকালে প্রতিমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির সভাপতি রক্বানী জক্কার, সাধারণ সম্পাদক কাজী আবদুল ওদুদ, পাঠাপুস্তক মুদ্রক ও বিক্রেতা সমিতির সাধারণ সম্পাদক জোফায়েল খান, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মহাসচিব আবদুর রাক্কাক প্রমুখ।